BIGM

# BIGM-SICIP Program

Finance Division, Ministry of Finance

পত্র সংখ্যা: বিআইজিএম/এসআইসিআইপি/প্র-১/২০২৪-২০২৮/২০২৬- ০৭

তারিখ: ২৫/০১/২০২৬

**বিষয়: "Strategic Management" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচের (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) জন্য প্রশিক্ষণার্থী আবেদন বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM)-এ Strategic Management কোর্সের **৩য় ব্যাচের (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) প্রশিক্ষণ আগামী ৪ এপ্রিল ২০২৬, শনিবার** হতে শুরু হতে যাচ্ছে।

২। সার্বিক জনপ্রশাসনের ও সংশ্লিষ্ট বেসরকারি খাতের কর্মকর্তাদের মধ্যে উন্নততর দক্ষতা ও চিন্তার স্ফূরণ ঘটানোর লক্ষ্যে কোর্সটি আয়োজন করা হচ্ছে। প্রশিক্ষণ কোর্সটি মোট ৩ সপ্তাহব্যাপী পরিচালিত হবে। উক্ত সময়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদেরকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/প্রতিষ্ঠানের দীর্ঘ-মেয়াদি লক্ষ্য অর্জনের জন্য স্ট্র্যাটিজি বা কৌশল প্রণয়ন, বাস্তবায়ন এবং মূল্যায়ন সম্পর্কে ধারণা দেওয়া হবে।

৩। Strategic Management কোর্সের **৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ)** সিনিয়র সহকারী সচিব/উপসচিব/যুগ্মসচিব (বয়স ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) পদমর্যাদার বা সমমর্যাদার কর্মকর্তাগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে সংযুক্ত **আবেদন বিজ্ঞপ্তি ও আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের** ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

২৫/১/২০২৬

(ড. সুলতান আহমেদ)
পরিচালক
বিআইজিএম

**সিনিয়র সচিব**
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০।

[**দৃষ্টি আকর্ষণ:** অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ)]

অনুলিপি:

১। প্রোগ্রাম ডিরেক্টর, BIGM-SICIP।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। অফিস কপি।

**বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)**
BIGM-SICIP প্রকল্প
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

## বিজ্ঞপ্তি

**বিষয়: অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে SICIP প্রকল্পের আওতায় BIGM-কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত ৩ (তিন) সপ্তাহ মেয়াদী 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচ (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) **আগামী ৪ এপ্রিল ২০২৬ তারিখ** হতে BIGM, ই-৩৩, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে আরম্ভ হবে।

২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| | |
|---|---|
| (ক) | উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কমকর্তাগণ (যাদের বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন; |
| (খ) | "Strategic Management" কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM -এ অনুষ্ঠিত Policy Analysis, Rise to Lead: Developing Future Leaders এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন। |
| (গ) | কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। |
| (ঘ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা বাবদ ৬০০ টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে। |
| (ঙ) | মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ৩ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন। |

৩। আগ্রহী কর্মকর্তাগণকে **আগামী ৩ মার্চ ২০২৬ তারিখের** মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **পরিচালক, বিআইজিএম**, আগারগাঁও, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশীস দাস, মোবাইল নং ০১৯৩২৬৯৮৪৭২ এর সাথে যোগাযোগ করা যাবে।

২৫/০২/২০২৬
(বণিক গৌর সুন্দর)
প্রোগ্রাম ডিরেক্টর
BIGM-SICIP
ই-মেইল: banik.gour@bigm.edu.bd

বরাবর

পরিচালক
বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)
আগারগাঁও, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম ডিরেক্টর, BIGM-SICIP।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: **Strategic Management** প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) অংশগ্রহণের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে (সামগ্রিকভাবে ৮ম ব্যাচ) অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | : | |
| ২। | জন্ম তারিখ | : | |
| ৩। | বয়স (৪ এপ্রিল ২০২৬) | : | |
| ৪। | চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | ক্যাডারের নাম ও ব্যাচ | : | |
| ৬। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ৭। | BIGM -এ অনুষ্ঠিত Policy Analysis/ Rise to Lead: Developing Future Leaders/ Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ | : | |
| ৮। | মোবাইল নম্বর | : | |
| ৯। | ই-মেইল | : | |

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ